**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 23-03-2026**
**Time: 07:35-07:40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Assembly last :

আজ বিধানসভার বাজেট অধিবেশনের শেষ দিন। সকাল ১১ টা থেকে অধিবেশন শুরু হবে। শেষ দিনে ২০২৬-২৭ অর্থবছরের বাজেট গৃহীত হবার কথা রয়েছে। উল্লেখ্য, গত ১৩ মার্চ রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর ভাষনের মধ্য দিয়ে শুরু হয়েছিল এই অধিবেশন। ১৬ মার্চ অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় ২০২৬-২৭ অর্থবছরের বাজেট পেশ করেন।

*******************

## PM-Cabinet Committee on Security :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পশ্চিম এশিয়ায় চলতি সংঘাতের প্রেক্ষাপটে পরিস্থিতি পর্যালোচনা এবং প্রশমনমূলক ব্যবস্থা গ্রহণের জন্য নিরাপত্তা বিষয়ক কেন্দ্রীয় মন্ত্রিসভা কমিটির বৈঠকে গতকাল সভাপতিত্ব করেন। শ্রী মোদী বলেন, এই সংঘাত একটি পরিবর্তনশীল পরিস্থিতি এবং সমগ্র বিশ্ব কোনো না কোনোভাবে এর দ্বারা প্রভাবিত। তিনি বলেন, এমন পরিস্থিতিতে এই সংঘাতের প্রভাব থেকে নাগরিকদের রক্ষা করার জন্য সর্বাত্মক প্রচেষ্টা চালাতে হবে।

প্রধানমন্ত্রী নাগরিকদের অসুবিধা যতদূর সম্ভব নিশ্চিত করতে সরকারের সকল বিভাগকে একসঙ্গে কাজ করতে নির্দেশ দেন। তিনি আরও বলেন, গুরুত্বপূর্ণ পণ্যের কালোবাজারি ও মজুতদারি যাতে না হয়, তা নিশ্চিত করতে রাজ্য সরকারগুলোর সঙ্গে যথাযথ সমন্বয় করতে হবে। প্রধানমন্ত্রী একটি সামগ্রিক সরকারি দৃষ্টিভঙ্গিতে একনিষ্ঠভাবে কাজ করার জন্য মন্ত্রী ও সচিবদের একটি দল গঠনের নির্দেশ দেন। তিনি সকল অংশীদারদের সঙ্গে পরামর্শ করে কাজ করার জন্য বিভাগীয় গোষ্ঠীগুলোকেও নির্দেশ দেন।

************************

**Mera Yuba Bharat :**

কেন্দ্রীয় যুব বিষয়ক এবং ক্রীড়া মন্ত্রকের উদ্যোগে মেরা যুব ভারত আজ দেশব্যাপী শহীদ দিবস উপলক্ষে পদযাত্রার আয়োজন করবে। ভারতের শহীদ যুব স্বাধীনতা সংগ্রামীদের শ্রদ্ধা জানিয়ে এই পদযাত্রা হবে। “আমার ভারত আমার দায়িত্ব” শীর্ষক ভাবনাকে সামনে রেখে পশ্চিম ত্রিপুরা সহ দেশের ৭৬৩ টি জেলাতে এই পদযাত্রা অনুষ্ঠিত হবে।

**********************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের ইতিহাসে সবচেয়ে দীর্ঘ সময়ের সরকার প্রধান হিসাবে থাকার নজির স্থাপন করেছেন। শ্রী মোদী সিকিমের মুখ্যমন্ত্রী পবন কুমার চামলিংয়ের কার্যকালের মেয়াদ ৮৯৩০ দিনের রেকর্ডকে অতিক্রম করেছেন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রথমে গুজরাটের মুখ্যমন্ত্রী এবং বর্তমানে দেশের প্রধানমন্ত্রী হিসেবে ৮৯৩১ দিন পূর্ণ করেছেন|

কেন্দ্রীয় প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে দেশের সবচেয়ে বেশী সময় ধরে সরকার প্রধানের পদে থাকার জন্য শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন| গতকাল সামাজিক মাধ্যমে শ্রী সিং জানান, প্রধানমন্ত্রীর এই যাত্রা দেশের প্রতি তাঁর সেবাভাবের প্রমান|

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহও সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রীর সেবা, কঠোর পরিশ্রম এবং অবিচল প্রতিশ্রুতির উপর ভিত্তি করে এই নজির মাইলফলক বলে উল্লেখ করেন|

**********************

**VANDE MATARAM :**

'তন্ত্র স্বদেশী মন্ত্র বন্দে মাতরম' শীর্ষক দু`দিনের এক জাতীয় আলোচনাচক্র আজ শেষ হচ্ছে | গতকাল আগরতলার মুক্তধারা অডিটোরিয়ামে এই আলোচনাচক্রের সূচনা হয় |

স্বর্নিম ভারতবর্ষ ফাউন্ডেশন -এর স্বদেশী জাগরণ মঞ্চের উদ্যোগে এবং মৌলানা আবুল কালাম আজাদ ইনস্টিটিউশান অব এশিয়ান স্টাডিজ এবং ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের জার্নালিজম, মাস কমিউনিকেশন এবং ল` বিভাগের যৌথ সহযোগিতায় এই আলোচনা সভার আয়োজন করা হয়েছে |

দেশের অর্থনৈতিক ও সাংস্কৃতিক উন্নয়নের লক্ষ্যে, বন্দে মাতরম জাতীয় সঙ্গীতের দেড়শ` বছর পূর্তি উপলক্ষে এই আলোচনা সভার আয়োজন|

**********************

**No shortage of essential fuels:**

কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে, গৃহস্থালির এলপিজি সিলিন্ডার সরবরাহ স্বাভাবিক রয়েছে | তাই বেশি  বুকিং করার প্রবণতাও কমে গেছে। এতে আরও বলা হয়েছে যে, সরকার রাজ্যগুলিতে বাণিজ্যিক এলপিজি বরাদ্দ বাড়িয়েছে, যেখানে শিক্ষা প্রতিষ্ঠান এবং হাসপাতালসহ গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলোকে অগ্রাধিকার দেওয়া হয়েছে এবং পিএনজি সংযোগের সম্প্রসারণকে উৎসাহিত করা হচ্ছে।

মন্ত্রক জানিয়েছে, এলপিজি মজুতদারি ও কালোবাজারি রোধ করতে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল জুড়ে অভিযান চলছে।

এদিকে, বন্দর, নৌপরিবহন ও জলপথ মন্ত্রণালয় জানিয়েছে যে, সামুদ্রিক বাণিজ্যের ধারাবাহিকতা নিশ্চিত করতে জাহাজ চলাচল, বন্দরের কার্যক্রম এবং ভারতীয় নাবিকদের নিরাপত্তার ওপর নিবিড় নজরদারী বজায় রাখা হয়েছে। মন্ত্রক উল্লেখ করেছে, গত ২৪ ঘণ্টায় ১৩ জনসহ মোট ৫৪৭ জনেরও বেশি ভারতীয় নাবিককে নিরাপদে দেশে ফিরিয়ে আনা হয়েছে।

************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে মার্চ, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩২তম পর্ব| প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান

জানিয়েছেন| my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন| এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে| ফোনলাইন এমাসের ২৭ তারিখ পর্যন্ত খোলা থাকবে|

*******************

**Dol Festival-Khowai:**

খোয়াই মহকুমা তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে মহকুমাভিত্তিক দোল উৎসব গতকাল অনুষ্ঠিত হয় সরকারি দ্বাদশ বিদ্যালয় মাঠে। এই উৎসবে খোয়াই কালচারাল সেল এবং বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীরা বসন্তের নাচ, গান, আবৃত্তি পরিবেশন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খোয়াই পুর পরিষদের ভাইস চেয়ারপার্সন নিবাস সাহা সহ অন্যান্যরা।

*********************

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭.৪ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩০ ডিগ্রির কাছাকাছি।

******************

******************